

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০
www.fisheries.gov.bd

পত্র নং ৩৩.০২.০০০০.১০২.৪০.০৩৩.০৫-১১৫০

তারিখঃ ১১/১২/২০১৬ খ্রি.

বিষয়ঃ উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার পত্র নং- সিএও/মওপ্রা/প্রশা/১৬২৪ তারিখ: ১৫/১১/২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি সদয় অবগতি ও পরবর্তি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

(পরিমল চন্দ্র দাস)
উপপরিচালক (প্রশাসন)
ফোন-০২-৯৫৬৯৩৫৫

ই-মেইল: ddadmin@fisheries.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য অধিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক (অতিরিক্ত পরিচালক), বাওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব), আরবপুর, যশোর।
৫. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা / ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা / বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, খুলনা/ ঢাকা/ চট্টগ্রাম।
৭. অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর।
৮. কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারের কার্যালয়, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ,.....।
৯. জাতীয় প্রকল্প পরিচালক/প্রকল্প পরিচালক/পরিচালক,.....।
১০. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা,.....।
১১. কর্মসূচী সমন্বয়কারী পরিচালক,.....।
১২. জেলা মৎস্য কর্মকর্তা,.....।
১৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১৪. সিনিয়র সহকারী পরিচালক,.....।
১৫. আঞ্চলিক মৎস্য কর্মকর্তা,.....।
১৬. অধ্যক্ষ, মৎস্য সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র,.....।
১৭. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,.....।
১৮. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা,.....।
১৯. উপজেলা মৎস্য কর্মকর্তা,.....।
২০. খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার,...../হ্যাচারি ম্যানেজার,.....।
২১. সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সিজিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

DD Admin.

স্মারক নং- সিএও/ম ও প্রাঃ/প্রশা/ ২৬২৪

তারিখঃ ১৫/১১/২০১৬ খ্রিঃ।

বরাবর

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

১৫/১১/২০১৬

বিষয় :- উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকুরীকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২০/উঃস্কেল/২০০৭/অংশ/৭৪ তারিখঃ ২২/০৯/২০১১ খ্রিঃ (কপি সংযুক্ত) মোতাবেক উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মচারীদের প্রকল্পের চাকুরীকাল গণনা করে বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে প্রায়োগিক হলেও টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে প্রকল্পের চাকুরীকাল গণনাযোগ্য নয়। কিন্তু আপনার অধীনস্থ বিভিন্ন কার্যালয় হতে দাখিলকৃত পেনশন ও বেতন নির্ধারণ সংক্রান্ত দাবী/কেইস গুলো পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের চাকুরীকাল গণনাকরে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান করা হয়েছে। এতে বেতন নির্ধারণ/পেনশন কেইস নিষ্পত্তির ক্ষেত্রে বিভিন্ন জটিলতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, এ কার্যালয়ে বেতন নির্ধারণ এবং পেনশন কেইস দাখিল করার পূর্বে অর্থ মন্ত্রণালয়ের উক্ত ২২/০৯/২০১১ খ্রিঃ তারিখের ৭৪ নং আদেশের ব্যত্যয় ঘটিয়ে উন্নয়ন প্রকল্পের চাকুরীকাল গণনা করে কোন টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান করে বেতন/পেনশন নির্ধারণ হয়ে থাকলে তা সংশোধন পূর্বক এ কার্যালয়ে দাখিল করার জন্য এবং একই সাথে অর্থ মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকটি আপনার অধীনস্থ দপ্তর/কার্যালয় সমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো।

প্রকল্প নামঃ		মহাপরিচালকের দপ্তর	
তারিখঃ		সি.এ.ও. মৎস্য অধিদপ্তর, ঢাকা	
ক্র.সং.	নাম	পদ	বিস্তারিত
১			
২			
৩			
৪			
৫			
৬			
৭			
৮			
৯			
১০			

১৫/১১/২০১৬
(ফাতেমা ইয়াসমিন)
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ফোন : ৫৮৩১৬২৭৪।